

যুগান্তর

প্রিন্ট: ২৩ মার্চ ২০২৫, ০৯:২২ এএম

শিক্ষাঙ্গন

চবি ভর্তি পরীক্ষায় শিক্ষার্থীদের পাশে বিপ্লবী ছাত্র পরিষদ



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২২ মার্চ ২০২৫, ১০:৫২ পিএম



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) 'ডি' ইউনিট (বাণিজ্য অনুষদ) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের সহায়তা দিয়েছে বিপ্লবী ছাত্র পরিষদ।

শনিবার সকাল থেকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে স্থাপিত তথ্য সহায়তা কেন্দ্রের মাধ্যমে ভর্তিচ্ছু শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের নানাবিধ সেবা দেন সংগঠনের নেতাকর্মীরা।

পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্র ও আসন খুঁজে পেতে সহযোগিতা, অভিভাবকদের জন্য বিশ্রাম ও অপেক্ষমান স্থানের ব্যবস্থা, নিরাপদ খাবার পানি ও খাবার স্যালাইন সরবরাহ এবং মোবাইল ফোনসহ প্রয়োজনীয় জিনিসপত্র সংরক্ষণের ব্যবস্থা ছিল উল্লেখযোগ্য।

পরীক্ষা শেষে শিক্ষার্থীদের বিপ্লবী ছাত্র পরিষদের কলম ও শুভেচ্ছাপত্র দিয়ে বরণ করে নেন সংগঠনের সদস্যরা। শুভেচ্ছাপত্রে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তি হতে ইচ্ছুক নবীন শিক্ষার্থীদের বিনা সুদে 'কর্জে হাসানা' দেওয়ার কথা জানানো হয়।

ভর্তি সহায়তা কার্যক্রমে নেতৃত্ব দেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক ইফতেখার আবিদ, সদস্য সচিব শেখ হামিম ও সহকারী সদস্য সচিব তাসনিম তাহমিদ তাকি প্রমুখ।